# রামগতি পৌরসভা কার্যালয়

রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/২০২২-২৩২ তারিখঃ ১৫/১২/২০২২ খ্রিঃ

**সভা নং-০২**

**টাউন লেভেল কো-অডিনেশন কমিটি (TLCC) সভার কার্য বিবরণীঃ**

সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র ও সভাপতি, টাউন লেভেল কো-অডিনেশন কমিটি ,রামগতি পৌরসভা,লক্ষ্মীপুর।

তারিখ: ১৫/১২/২০২২খ্রিঃ

সময়: বেলা ১১.০০ ঘটিকা।

স্থান: পৌরসভা সভাকক্ষ।

সভার উপস্থিতি:

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা। | সভাপতি | স্বাক্ষররিত |
| **কাউন্সিলর সদস্য (১২ জন):** | | | |
| ২ | জনাব গীতা রানী দাস, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ১,২ ও ৩ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩ | জনাব আকলিমা বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ৪,৫ ও ৬ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪ | জনাব নাছিমা বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ৭,৮ ও ৯ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৫ | জনাব, মোঃ জয়নাল আবেদীন, কাউন্সিলর, ১নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৬ | জনাব তাপস চন্দ্র দাস, কাউন্সিলর, ২নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৭ | জনাব নিজাম উদ্দিন, কাউন্সিলর, ৩নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৮ | জনাব মোঃ নুর নবী, কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৯ | জনাব শাহাদাত হোসেন, কাউন্সিলর, ৫নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ১০ | জনাব মোহাম্মদ নেছার উদ্দিন, কাউন্সিলর, ৬নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ১১ | জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার, কাউন্সিলর, ৭নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ১২ | জনাব ছৈয়দ মুর্তাজা আল আমীন, কাউন্সিলর, ৮নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ১৩ | জনাব ফারুকুল ইসলাম বাবলু, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| **সদস্য সচিবঃ** | | | |
| ১৪ | জনাব মোঃ কামরুল হাসান, সহকারী প্রকৌশলী, রামগতি পৌরসভা। | সদস্য-সচিব | স্বাক্ষররিত |
| **সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসন, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপদ অধিদপ্তর, গনপূর্ত, সমাজসেবা, সমবায়, বনবিভাগ, টিএন্ডটি) ০৮ জন-** | | | |
| ১৫ | উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, লক্ষ্মীপুর। | সদস্য | -------- |
| ১৬ | জনাব মোঃ শাহ আলম, সহকারী প্রকৌশলী, রিজোনাল কানেক্টিং ইমপ্রুভমেন্ট প্রজেট, বাংলাদেশ লেন্ড পোট অর্থরিটি (BLPA), | সদস্য | --------- |
| ১৭ | জনাব মোঃ আবদুর রহিম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি,রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | ----------- |
| ১৮ | জনাব মোঃ মাসুদ, সমাজ সেবা কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | ---------- |
| ১৯ | জনাব মোঃ উল্যা চৌধুরী, পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষররিত |
| ২০ | জনাব আবদুল বাছেত পাটওয়ারী, রেঞ্জ কর্মকর্তা, বন বিভাগ, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষররিত |
| ২১ | জনাব তানভীরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ২২ | জনাব শিউলি আক্তার, মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা অধিদপ্তর, রামগতি। | সদস্য | --------- |
| ২৩ | মোঃ কামরুল হাসান,সচিব, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| **নাগরিক সমাজের প্রতিনিধি (১২ জন)** | | | |
| ২৪ | জনাব সামছুল বাহার খন্দকার, সভাপতি, আলেকজান্ডার বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ২৫ | জনাব আলহাজ জাহাঙ্গীর আলম তালুকদার, সাধারন সম্পাদক, আলেকজান্ডার বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ২৬ | জনাব সলিল মজুমদার, বিশিষ্ট ব্যাবসায়ি, জমিদার হাট বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ২৭ | জনাব মাহমুদা বেগম, সাবেক মহিলা কাউন্সিলর, রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষররিত |
| ২৮ | জনাব মোঃরেজাউল হক, সংবাদিক, সভাপতি প্রেসক্লাব, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ২৯ | রিনা আক্তার, প্রভাষক, ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজ, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩০ | জনাব রিয়াজ রহমান, প্রধান শিক্ষক, আলেকজান্ডার পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩১ | জনাব মোঃ মফিজ, প্রধান শিক্ষক, চর সেকান্দর সফিক একাডেমি। | সদস্য | স্বাক্ষররিত |

| | | | |
|---|---|---|---|
| ৩২ | জনাব আজিজুল ইসলাম ফিরোজ, সাবেক প্রধান শিক্ষক,আলেকজান্ডার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৩ | জনাব রাবেয়া সুলতানা রিথী, সহকারী শিক্ষক, দঃ পূর্ব চরসীতা বে-সরকারি প্রাথমিক বিদ্যালয়, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৪ | জনাব পপি রানী কর্মকার, সহকারী শিক্ষক, আলেকজান্ডার মডেল বালিকা উচ্চ বিদ্যালয়, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৫ | বাবু কনক দাস, বিশিষ্ট ব্যবসায়ি ও সমাজ বেবক, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |

**পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবী, ব্যবসায়ী, চিকিৎসক) ০৫ জনঃ**

| | | | |
|---|---|---|---|
| ৩৬ | জনাব এস এম শামীম, বিশিষ্ট ব্যবসায়ী, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৭ | জনাব মুজাহিদ উদ্দিন (সৈকত), অগ্রণী ব্যাংক লিঃ, রামগতি শাখা, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৮ | বাবু মোঃ আমির হোসেন, সাবেক শিক্ষক, রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩৯ | বাবু মৃনাল নাথ, সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদ, রামগতি । | সদস্য | স্বাক্ষরিত |
| ৪০ | কারিমুন নেছা, প্রভাষক, ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজ, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |

**এনজিও প্রতিনিধি (০৪ জন)**

| | | | |
|---|---|---|---|
| ৪১ | জনাব জেবুন নাহার, সমন্বয়কারী, এন.আর.ডি.এস, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪২ | জনাব গুলশান সুলতানা, স্কুল মোবিলাইজার, ডরপ, রামগতি,লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৩ | নারগিস আক্তার, সমন্বয়কারী, কোডেক, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৪ | স্বপ্না রানী দাস, অঞ্চল সমন্বয়কারী, নিজেরা করি, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |

**শহরের দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি (০৭ জন)**

| | | | |
|---|---|---|---|
| ৪৫ | মিতা রানী মজুমদার, চরসীতা, ওয়ার্ড নং-০১, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৬ | রিন্টি রানী দাস, চর ডাক্তার, ওয়ার্ড নং-০২, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৭ | সুলতানা বেগম,শিক্ষা গ্রাম, ওয়ার্ড নং-০৮, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৮ | শাহিদা বেগম, শিক্ষাগ্রাম, ওয়ার্ড নং-০৮, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪৯ | কানিজ ফাতেমা, আলেকজান্ডার, ওয়ার্ড নং-০৭, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৫০ | জনাব নুর নবী কোম্পানী, সবুজ গ্রাম, ওয়ার্ড নং-০৬, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |

শহর সমন্বয় কমিটির সভাপতি সভার শুরুতে সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন হইতে তেলোয়াত করেন TLCC কমিটির সম্মানিত সদস্য জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন ও পবিত্র গীত পাঠ করে TLCC কমিটির সম্মানিত সদস্য ও রামগতি পৌরসভার সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসানকে অনুরোধ করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী বিগত সভার কার্য্য বিবরণী পাঠ করে শুনান এবং এতে কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | বিগত ২৬/০৯/২০২২ তারিখের সভার কার্য্য বিবরণীতে কোন ধরনের সংযোজন-বিয়োজন না থাকায় সভার সম্মতিক্রমে তা অনুমোদন হয়। |
| ০২ | রামগতি পৌরসভার উন্নয়ন পরিকল্পনা PDP-তে পৌরসভার পর্যটন শিল্পের বিকাশ ও বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৃক্ষরোপন ও বনায়ন এবং পৌরসভার বস্তি এলাকাগুলোর উন্নয়নকল্পে গঠনকৃত PG ও বস্তি উন্নয়ন কমিটি (SIC), PDP-তে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গেঃ | শহর সমন্বয় কমিটির সদস্য ও রামগতি পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, মেঘনা নদীর তীরবর্তী বেড়ীবাঁধ এলাকাকে পর্যটন এরিয়া হিসেবে PDP-তে অন্তর্ভুক্তকরণ এবং বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৃক্ষরোপন ও বনায়ন এবং বস্তি এলাকা ও ঘনবসতিপূর্ণ মহল্লাকে যেমন:- ০১নং ওয়ার্ডের চরসীতা গ্রামে সূর্য মুখী ও সুগন্ধা বস্তি, ০২নং ওয়ার্ডের সুজন গ্রামে অপরাজিতা, শাপলা ও টগর ফুল বস্তি, ০৩নং ওয়ার্ডের চর সেকান্দর গ্রামে চন্দ্রমল্লিকা ও কৃষ্ণচূড়া বস্তি, ০৪নং ওয়ার্ডের চর সেকান্দর ও সাহাপাড়া গ্রামে দোলনচাঁপা ও রজনীগন্ধা বস্তি, ০৫নং ওয়ার্ডের শ্যামল গ্রামে শিউলি, হাসনাহেনা ও জবা বস্তি, ০৬নং ওয়ার্ডে সবুজ গ্রামে টিউলিপ ও নয়নতারা বস্তি, ০৭নং ওয়ার্ডে বকুল ফুল ও জুঁই বস্তি, ০৮নং ওয়ার্ডে-শিমুল পারুল বস্তি ও ০৯নং ওয়ার্ডের বনফুল, চামেলী, পদ্মফুল বস্তির কমিটি PDP-তে অন্তর্ভুক্ত করে তা অনুমোদনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভার সম্মানীত সভাপতি মহোদয় সভায় উত্থাপিত মেঘনা নদীর তীরবর্তী এলাকাকে পর্যটন শিল্পের বিকাশে আধুনিকী করন, বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ ও জলবায়ু পরিবর্তণ মোকাবেলায় বৃক্ষরোপন ও বনায়ন এবং পৌরসভার জন বসতিপূর্ণ এলাকাকে বস্তি হিসেবে ঘোষনা করে PDP-তে অন্তভূক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>শহর সমন্বয় কমিটির সম্মানিত সদস্য জনাব শাহাদাৎ হোসেন সভয় জানান যে, রামগতি পৌরসভার জন্য প্রণীত PDP-তে প্রস্তাবিত পর্যটন শিল্পের বিকাশের জন্য আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ, পৌরসভার বিভিন্ন সড়ক ও বেড়ি বাঁধ এলাকায়, সরকারী খাস ও পতিত ভূমিতে বৃক্ষরোপন ও বনায়ন, বস্তি এলাকায় প্রণীত বস্তি উন্নয়ন কমিটি PDP-তে অন্তর্ভুক্ত করে তা অনুমোদনের জন্য সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>শহর সমন্বয় কমিটির সম্মানিত সদস্য ও পেশাজীবি প্রতিনিধি (শিক্ষা) কারিমুন নেছা, প্রভাষক, ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজ সভায় জানান যে, বিশ্বব্যাপি জলবায়ু পরিবর্তনের ফলে প্রকৃতিক বিপর্যয় দেখা দিয়েছে এবং তা মোকাবেলা জন্য সবুজ বেষ্টনী গড়ে তোলার জন্য বৃক্ষরোপন ও বনায়ন। দরিদ্র জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প গ্রহণ , জেন্ডার এ্যাকশন বাস্তবায়ন এবং রামগতি পৌরসভার আওতাধীন বস্তি সমূহের জন্য সুপেয় পানি সরবরাহ, স্বাস্থ, শিক্ষা ও উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার নিমিত্তে উন্নয়নমুখী প্রকল্প PDP-তে অন্তর্ভুক্ত প্রস্তাবনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>পৌরসভার উন্নয়ন পরিকল্পনা পিডিপি হালনাগাদ ও অনুমোদনের সুপারিশ প্রসঙ্গো:</td>
<td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শহর সমন্বয় কমিটির সদস্য সচিব ও রামগতি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান রামগতি পৌরসভার জন্য প্রস্তুতকৃত উন্নয়ন পরিকল্পনা হালনাগাদ করে ৪১০.০০ কোটি টাকার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করেন। উক্ত পরিকল্পনা বিভিন্ন খাত অনুযায়ী প্রকল্প প্রস্তুত করে খাতওয়ারী বরাদ্দ দেখানো হযেছে। তিনি একে একে সকল খাতের প্রস্তাবিত প্রকল্পসমূহ পড়ে শুনান (কপি সংযুক্ত) এবং তা অনুমোদনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সম্মানিত সদস্য ও রামগতি পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সৈয়দ মুর্তজা আল আমিন সভায় জানান যে, রামগতি পৌরসভার উন্নয়ন পরিকল্পনা যেভাবে সাজানো হয়েছে তাতে চমৎকার ভাবে খাতওয়ারী সন্নিবেশিত হয়েছে। তিনি উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুযায়ী সরকারের সকল দপ্তরের বরাদ্দ প্রাপ্তির জন্য প্রেরণ করার জন্য অনুরোধ করেন এবং উক্ত PDP-তে সকল কিছুর প্রতি সম্মতি জ্ঞাপন করে তা অনুমোদন করার জন্য অনুরোধ করেন।</td>
<td>সভাপতি মহোদয় সভার সম্মতিক্রমে ক্রমিক নং-০২ এ উত্থাপিত প্রকল্প সমূহ অন্তর্ভুক্ত পূর্বক নিম্ন তালিকা
<table>
<tr><th>ক্রমিক</th><th>সেক্টর/সাব সেক্টর</th><th>সম্ভাব্য ব্যয় (লক্ষ)</th></tr>
<tr><td>১</td><td>নগর যাতায়াত ব্যবস্থার উন্নয়ন পরিকল্পনা</td><td>৪৮৯৩.৪৮</td></tr>
<tr><td>২</td><td>ড্রেইনেজ ব্যবস্থার উন্নয়ন</td><td>২৫৮২</td></tr>
<tr><td>৩</td><td>পানি সরবরাহ ব্যবস্থাপনা উন্নয়ন</td><td>৬২০</td></tr>
<tr><td>৪</td><td>বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন</td><td>১৭০০</td></tr>
<tr><td>৫</td><td>নগর সুবিধাদি</td><td>৬০৩০</td></tr>
<tr><td>৬</td><td>আর্থিক সম্ভাবনা ও বিনিয়োগ পরিকল্পনা</td><td>১৬৬৭৪.৫২</td></tr>
<tr><td>৭</td><td>আর্থ সামাজিক উন্নয়ন সেক্টর</td><td>৮৫০০</td></tr>
<tr><td>৮</td><td>মোট</td><td>৪১০০০</td></tr>
</table>
মোতাবেক ৪১০.০০কোটি টাকার পৌরসভার উন্নয়ন পরিকল্পনা/PDP অনুমোদনের জন্য সিদ্ধান্ত গ্রহন করেন এবং রেজুলেশনসহ তা পৌর পরিষদের মাসিক সভার প্রেরণের জন্য শহর সমন্বয় কমিটির সম্মানিত সদস্য সচিব ও সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | শহর সমন্বয় কমিটির সদস্য নাগরিক সমাজের প্রতিনিধি ও আলেকজান্ডার বণিক সমিতির সম্মানিত সভাপতি জনাব শামসুল বাহার খন্দকার সভায় জানান যে, পৌরসভার জন্য প্রণীত PDP পৌরসভার সকল নাগরিকের আশাআকাঙ্ক্ষার- প্রতিফলন ঘটবে এবং উক্ত PDPতে পৌরসভার সকল - ধরনের তথ্য সন্নিবেশিতহয়েছে। তিনি PDP প্রস্তুতকারী সংশ্লিষ্ট সকলকে PDP প্রাণয়নের জন্য ধন্যবাদ জানান এবং PDP অনুযায়ী বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখা ও প্রণীত PDP অনুমোদনের সম্মতি প্রকাশ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি ও শহর সমন্বয় কমিটির সদস্য মিতা রানী মজুমদার পৌরসভার জন্য প্রণীত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং PDP অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং PDP অনুমোদনের জন্য তিনি তার সর্বসম্মতি প্রদান করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>পেশাজীবী পরিষদের প্রতিনিধি ও অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপক মুজাহিদ উদ্দিন ,(সৈকত)সভায় জানান যে, পৌরসভার জন্য উন্নয়ন পরিকল্পনা তথা PDP প্রনয়ণ একটি উল্লেখযোগ্য বিষয়। তিনি PDP প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং PDP অনুমোদনের জন্য তার সর্বসম্মতি প্রদান করেন।<br><br>এনজিও প্রতিনিধি (NRDS-সমনবয়কারী, রামগতি পৌরসভা) ও শহর সমন্বয় কমিটির সদস্য জেবুন নাহার সভায় জানান যে, পৌরসভায় প্রণীত উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নযোগ্য এবং একটি যুগান্তকারী প্রদক্ষেপ। এই উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়নের জন্য তিনি সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং তা অনুমোদনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। | |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | BMWSSP-প্রকল্পের কাজ বাস্তবায়ন প্রসঙ্গেঃ<br><br>ক) ট্রান্সমিশন লাইন সুরক্ষায় গাইড ওয়াল নির্মাণ প্রসঙ্গে: | সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ওভার হেড ট্রাংক পৌরসভা কমপ্লেক্স হইতে প্রোডাকশান টিউবয়েল পর্যন্ত (মনু মেম্বারের পোল পর্যন্ত) আলেকজান্ডার-সোনাপুর সড়কের পাশ্বে অবস্থিত পুকুর বা জলাশয়ের ট্রান্সমিশন লাইন সংলগ্ন গাউড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি মহোদয় উক্ত বিষয় নিয়ে আলোচনা করার জন্য সকলে দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, রাস্তার পাশ্বে জলাশয়ে নির্মিত ট্রান্সমিশন লাইন সংলগ্ন গাইড ওয়াল নির্মাণ করা না হলে ট্রান্সমিশন লাইনটি ক্ষতিগ্রস্থ হবে এবং বিশুদ্ধ পানি সরবরাহ না গেলে প্রকল্পের লক্ষ ও উর্দ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত হবে। তিনি জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সদস্য ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রামগতি উপজেলার সহকারী প্রকৌশলী জনাব নাছির উদ্দিন সভায় জানান যে, উক্ত প্রকল্পের ট্রান্সমিশন লাইন সংলগ্ন যে পুকুর ও জলাশয় রয়েছে সেগুলোর পাশে গাইড ওয়াল নির্মাণ করার জন্য পৌরসভা, DPHE প্রকল্পের RE-সহ সরজমিনে সার্ভে করে প্রাক্কলন প্রস্তুত করে মেয়র মহোদয়ের ফরওয়াডিং সহ প্রকল্প অফিসে প্রেরণ করা হলে প্রকল্প অফিসের অনুমতি স্বপেক্ষে গাইড ওয়াল নির্মাণ করা যেতে পারে। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি উথাপিত প্রস্তাবনা সমূহ রেজুলেশন আকারে লিপিবব্ধ করে পৌরসভার মাসিক সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিব কে নির্দেশ প্রদান করেন। |
| | খ) Gender Action Plan-বাস্তবায়ন প্রসঙ্গেঃ | সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, প্রকল্পের কাজ বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের নির্দেশনা অনুযায়ী জেন্ডার সমতা, জেন্ডার সাম্য, জেন্ডার বৈষম্যের কারণ ও ফলাফল সম্পর্কে সবাই অবহিত করে Gender Action Plan-বাস্তবায়ন করার জন্য নির্দেশনা রয়েছে। তিনি বিষয়টি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, বাংলাদের জনসংখ্যার অর্ধেক হলো নারী । কিন্তু দুর্ভাগ্য হলেও সত্য কর্মক্ষেত্রে, সামাজিক, সংস্কৃতিক ও মনস্তাত্বিক দিক থেকে নারী ও পুরুষের মধ্য সমতা দেখা যায় না অধিকাংশ ক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে বৈসম্য দেখায়ায়। তিনি কর্মক্ষেত্রসহ সকল কাজে নারী-পুরুষ সমতায় আনার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | সভাপতি উথাপিত প্রস্তাবনা সমূহ রেজুলেশন আকারে লিপিবব্ধ করে পৌরসভার মাসিক সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিব কে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | শহর সমন্বয় কমিটির সদস্য ও এনজিও প্রতিনিধি NRDS জনাব জেবুন নানার সভায় জানান যে, নারীরা কর্মক্ষেত্রে বৈসম্যর শিকার। সরকারী প্রতিষ্ঠান ছাড়া বে-সরকারী ও কোম্পানীর ক্ষেত্রে বা শ্রমিক পর্যায়ে নারীরা বেশি পরিমানে বৈসম্যের শিকার হয়। একজন পুরুষ শ্রমিকের তুলনায়, একজন নারী শ্রমিক সমপরিমান মজুরিসহ সুযোগ-সুবিধা পায়না। তাছাড়াও কর্মস্থলে নারী-পুরুষ সমতায়ণ প্রয়োজন। কেউ তা বাস্তবায়ন করে না। যার ফলে নারীরা কর্ম সুবিধা থেকে বঞ্চিত হয়। তিনি কর্মক্ষেত্রে নারী-পুরুষের সমতায়ণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একমত পোষণ করেন। | |
| ৫ | অভিযোগ নিরসন ও প্রতিকার সম্পর্কে আলোচনাঃ | শহর সমন্বয় কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, শ্রমিক কর্মকর্তাদের অভিযোগ নীতিমালা অনুস্মরণের মাধমে কর্তৃপক্ষ যে কোন ব্যক্তির বিরুদ্ধে তার কোন অভিযোগ থাকলে তা উত্থাপন করতে পারেন। এবং কোন কর্মচারী-কর্মকর্তা নিজেকে উপেক্ষিত বা তার উপর অন্যায় করা হয়েছে/হচ্ছে এমন ধারনা পোষণ করলে অভিযোগ নীতিমালা অনুযায়ী প্রতিকার পাবার অধিকার রাখেন। তিনি অভিযোগ নিরসন  প্রতিকার সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সদস্য ও ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, পৌরসভার আওতাধীন প্রত্যেকটি ওয়ার্ডে সামাজিক, সাংস্কৃতি ও কর্মজীবিদের মাঝে ও বিভিন্ন ধরনের অভাব অভিযোগ সংঘঠিত হয়। এইসব অভাব অভিযোগ উক্ত কমিটির আওতাভুক্ত হবে কিনা সে বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সদস্য ও অঞ্চল সমন্বয়কারী নিজেরা করি জনাব স্বপ্না রানী দাস সভায় জানান যে, এই পর্যন্ত পৌরসভায় কতটি অভিযোগ নিবন্ধন করা হয়েছে। তার মধ্যে কতটি নোটিশ প্রদান করা হয়েছে এবং কতটি নিস্পত্তি করা হয়েছে তনি বিষয়টি নিয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সদস্য ও দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি শাহিদা বেগম সভায় জানান যে, রামগতি পৌরসভার নির্মাণ শ্রমিকদের জন্য অভিযোগ বক্সটি পৌরসভায় দৃশ্যমান। বাহিরে রাখা উচিত যেন কোন শ্রমিক কাহারো বিরুদ্ধে আনীত অভিযোগ সরাসরি বক্সে পেলতে পারে সে বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি উথাপিত প্রস্তাবনা সমূহ রেজুলেশন আকারে লিপিবন্ধ করে পৌরসভার মাসিক সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিব কে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | রামগতি পৌরসভায় জেন্ডার এ্যাকশন GAP Plan সুন্দর ও সুষ্টভাবে বাস্তবায়নের লক্ষে গঠিত ফোকাল পারসন জনাব নিরব মজুমদার সভায় জানান যে, রামগতি পৌরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে সর্বমোট ৫৫টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং প্রতিটির নোটিশ প্রদান করা হয়েছে আর ৩৭টি নিস্পত্তি করা হয়েছে। BMSSP-প্রকল্পের নির্মাণ শ্রমিক থেকে লিখিত কোন অভিযোগ পাওয়া যায়নি। মোখিক ভাবে ২/১টি অভিযোগ আসলে তা যথারীতি নিস্পত্তি করা হয়েছে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
সভাপতি
টাউন লেভেল কো-অডিনেশন কমিটি (TLCC)
ও
মেয়র
রামগতি পৌরসভা,লক্ষ্মীপুর।